আজকের কাগজ

তারিখ 19 MAY 1996

# ভর্তি

## তথ্য কণিকা

ছাত্র অনুপাতে বাংলাদেশে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা এমনিতেই কম। তারপরও রয়েছে সরকারি, বেসরকারি-আন্দোলন হলিডে। ব্যাপক ছাত্র-ছাত্রীর কথা চিন্তা করে, বেসরকারি উদ্যোগে সাম্প্রতিক বছরগুলোতে এদেশে প্রতিষ্ঠিত হয়েছে কয়েকটি বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ। উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ ভাইবোনদের জন্যে দেয়া হলো কিছু তথ্য কণিকা।

**বাংলাদেশ মেডিক্যাল কলেজ**

যোগ্যতা ঃ বাংলাদেশ মেডিক্যাল কলেজ ভর্তিচ্ছুক প্রার্থীকে অবশ্যই উচ্চমাধ্যমিক পাস হতে হবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় শতকরা ৬০ ভাগ নম্বর পেতে হবে। তৃতীয় বিভাগে পাস করা প্রার্থী অযোগ্য।

আগামী ২৪ মে শুক্রবার ভর্তির জন্যে লিখিত পরীক্ষা এবং ৬ জুন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। ঠিকানাঃ বাসা-৩৫, রোড-১৪/২ ধানমন্ডি আ/এ, ঢাকা।

**আল শেফা মেডিক্যাল কলেজ**

২১ ও ২২ মে আলশেফা মেডিক্যাল কলেজ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই মেডিক্যাল কলেজটি ১৪২, গ্রীন রোড, বাসা-নং ৪৮০ এই ঠিকানায় অবস্থিত।

**মহিলা মেডিক্যাল কলেজ**

৩১ মে সকাল ১০টায় মহিলা মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আইএফ আইসি ব্যাংক, গুলশান শাখায় ভর্তি পরীক্ষায় ফরম পাওয়া যাচ্ছে। ফরমের মূল্য ৫শ' টাকা। যোগ্যতা ঃ এসএসসি ও এইচএসসি পরীক্ষায় সর্বমোট ১২০০ নম্বর। যোগাযোগের ঠিকানা ঃ প্লট-৬, সেক্টর-২, উত্তর মডেল টাউন।

**থিওল মেডিক্যাল কলেজ**

থিওল মেডিক্যাল কলেজ ভর্তি পরীক্ষা (লিখিত) ৩ জুন, মৌখিক পরীক্ষা ১০ জুন এবং মেডিক্যাল পরীক্ষা ১৫ জুন অনুষ্ঠিত হবে। ১ জুলাই থেকে নিয়মিত ক্লাস শুরু হবে। মেডিক্যাল কলেজের অফিসে সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত ফরম পাওয়া যাচ্ছে। ফরমের মূল্য ২শ' টাকা।

যোগ্যতা ঃ এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে ১২০০ নম্বর। ১৯৯৪ সালে পাস করা প্রার্থীরাও অংশ নিতে পারবেন। সমমানের যোগ্যতার প্রেক্ষাপটে বিদেশি ছাত্র-ছাত্রীও চেষ্টা করতে পারবেন। তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। যোগাযোগের ঠিকানা, ১৪২, গ্রীন রোড (গ্রীন সুপার মার্কেটের দক্ষিণে) ঢাকা-১২০৫। ফোনঃ ৮১১৩২৬, ৮০৬৬৬১।

**আইইউবিএটি**

ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজী (I U B A T) বিশ্ববিদ্যালয়ে বিবিএ, এমবিএ, কম্পিউটার সাইন্স, ইঞ্জিনিয়ারিং, অর্থনীতি, এগ্রিকালচার ও একাউন্টিং বিভাগ রয়েছে। এ সমস্ত বিষয়ে ভর্তি চলছে। যোগাযোগের ঠিকানা, বাসা-১৩৫, সড়ক ৯-এ (পুরাতন ১৯), ধানমন্ডি আবাসিক এলাকা।

**নর্থ সাউথ ইউনিভার্সিটি**

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আন্ডার গ্রাজুয়েট শ্রেণীতে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে গত ১৫ মে। যোগাযোগের ঠিকানা, কামাল আতাতুর্ক সড়ক বনানী।

**ভূইয়া একাডেমী**

বিএসসি (সম্মান) শ্রেণীতে কমপুটিং এ্যান্ড ইনফরমেশন সিস্টেমে ৩০ বছরের কোর্সে ভর্তি চলছে। এখানকার অন্য বিষয়গুলো হলো এলএলবি এবং এ লেভেল। যোগাযোগের ঠিকানা, বাসা-৫৭, সড়ক ১২/এ ধানমন্ডি আবাসিক এলাকা।

□ তারিক রিজভী